

ফাতওয়া নান্বার: ৪০১

প্রকাশকাল: ২১-০৮-২০২৩ ইং

কতটুকু প্রয়োজন হলে ব্যাংকে টাকা রাখা যাবে?

প্রশ্ন:

এ সাইটের একটি ফাতোয়াতে দেখলাম, একান্ত বাধ্য না হলে সুদি ব্যাংকে কিংবা বর্তমান ইসলামী ব্যাংকে টাকা জমা রাখা যাবে না। এখানে 'বাধ্য হওয়া' বলতে কী বুঝানো হয়েছে? কতটুকু প্রয়োজন হলে রাখা যাবে? উদাহরণ দিয়ে বুঝিয়ে দিলে উপকৃত হবে।

উত্তর:

ব্যাংকে টাকা না রাখলে যদি তা চুরি-ডাকাতি কিংবা হারিয়ে যাওয়ার আশঙ্কা থাকে, তাহলে ব্যাংকে টাকা রাখা যাবে। তেমনি ব্যবসা চালু করা কিংবা ব্যবসায়িক পণ্য আমদানি-রপ্তানি করার জন্য একাউন্ট করা ও অর্থ জমা রাখার যে আইনি বাধ্যবাধকতা রয়েছে, এধরনের ক্ষেত্রেও নিজের বৈধ অধিকার লাভের জন্য ব্যাংকে টাকা রাখার অবকাশ আছে। -ফাতাওয়া উসমানী: ৩/২৬৮, ২৮২ (যাকারিয়া বুকডিপো); কিতাবুন নাওয়ামিল: ১১/২৮৪ (আলমারকায়ুল ইলমী, লালবাগ, মুরাদাবাদ); জাদীদ ফিকহী মাসায়িল: ৫/৩৫৭ (কুতুবখানা নাঈমিয়া, দেওবন্দ)। এমন প্রয়োজন দেখা দিলে প্রথমে কোনও ইসলামী ব্যাংকে কারেন্ট একাউন্ট খুলে প্রয়োজন পূরণের চেষ্টা করবে। এটা সম্ভব না হলে, সেভিংস একাউন্ট করতে পারবে। তবে সেভিংস একাউন্টে যে অতিরিক্ত অর্থ আসবে, তা নিজে ভোগ করবে না। গরীবদের সাদাকা করে দিবে অথবা জনকল্যাণমূলক কাজে খরচ করবে। -মাজল্লাতু মাজমাইল ফিকহিল ইসলামী, সংখ্যা ৬, ১১৩, ১১৪, ১২৮, ১২৯

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১৬-০১-১৪৪৫ হি.

০৪-০৮-২০২৩ ঈ.

